REG. NO. C. 853

জঙ্গিপুর
# সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

### বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ⁄১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ⁄০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৮ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৭শে পৌষ বুধবার ১৩২৮, ইংরাজী 11th January 1922. | ৩১শ সংখ্যা।


# হিলিংবাম

গত ২৭ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিং ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এস, আর, সি, পি, এল,আর, সি, এস, এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি | বড় শিশি | ৩৲ |
| " " | মাঝারি শিশি | ২৷৷০ |
| " " | ছোট শিশি | ১৸০ |

# স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালস—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ, গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত,সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।




দর্পণ সাক্ষাতেই রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

**সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।**

আমাদের কেশরঞ্জন তৈল। গুণে বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল। প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল। মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থমন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল। কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শত্রু মরামাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৶০ ছয় আনা। তিন শিশি ২৸০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

### অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকারীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুধাময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীবন্ধু হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১৷৷০ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ৷৶০ নয় আনা। |

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণ অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুভস্মাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

**কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোং**

**আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।**

১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

## টাকার অষ্টোত্তর শত-নাম।

—:০:—

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের হাস্যোদ্দীপক অনুকরণ। টাকার যত প্রকার নাম হইতে পারে তাহা কৌশলে কবিতায় লিখিত হইয়াছে। একবার পড়িয়া হাসিবেন ও বন্ধু-বান্ধবকে দেখাইবার ও হাসাইবার প্রলোভন সম্বরণ করিতে পারিবেন না। মূল্য মাত্র /০ এক আনা। ৫ এক পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া যায়।

ম্যানেজার জঙ্গিপুর সংবাদ অফিস
পোঃ রঘুনাথগঞ্জ।
(মুর্শিদাবাদ)

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৭শে পৌষ বুধবার, ১৩২৮ সাল।

## জঙ্গিপুর হাইস্কুলের নূতন কার্য্যকরী সমিতি।

—:০:—

নিম্নলিখিত মহোদয়গণ এবার জঙ্গিপুর হাইস্কুলের ম্যানেজিং কমিটীর মেম্বর হইলেন।

১। শ্রীযুক্ত সবডিবিজনাল অফিসার মহোদয় (এক্সঅফিসিও প্রেসিডেন্ট)

২। মৌলবী আবদুল গোফুর সাহেব সার্কেল অফিসার (মুসলমান সম্প্রাদায়ের প্রতিনিধি)

৩। শ্রীযুক্ত সুরেন্দ্রনারায়ণ সিংহ জমিদার ও

৪। শ্রীযুক্ত তারিণীপ্রসাদ ধর জমিদার (হিতৈষী ও পৃষ্ঠপোষক)

৫। শ্রীযুক্ত কালীচরণ সিংহ জমিদার ও

৬। শ্রীযুক্ত দ্বিজপদ চট্টোপাধ্যায় উকীল (ছাত্রবৃন্দের অভিভাবকগণের প্রতিনিধি)

৭। মিঃ লঙ্মুর সাহেব ও

৮। শ্রীযুক্ত আশুতোষ সরকার উকীল (স্থানীয় প্রতিপত্তিশালী ব্যক্তিস্বরূপ)

৯। শ্রীযুক্ত হেড মাষ্টার মহোদয় (স্কুলের নিয়মানুসারে)

১০। শ্রীযুক্ত গোবর্দ্ধন ভট্টাচার্য্য শিক্ষক মহাশয় (শিক্ষকগণের প্রতিনিধি)

## জঙ্গিপুরে ভলাণ্টিয়ার।

—:০:—

স্থানান্তর হইতে কংগ্রেস কমিটীর অনেকগুলি ভলাণ্টিয়ার কংগ্রেসের নূতন নিয়ম অনুসারে ভলাণ্টিয়ার দলবৃদ্ধি করিবার জন্য জঙ্গিপুরে আগমন করিয়াছেন। জঙ্গিপুরে কংগ্রেস কমিটীর মেম্বরের অভাব নাই তবে নূতন নিয়মানুসারে আত্মোৎসর্গ কয়জন করিবেন তাহা বলা যায় না। সিন্নি দেখে এগোবার ও কোঁৎকা দেখে পেছুবার লোকই বেশী।

---

## রঘুনাথগঞ্জে মাত্রকুলেশন পরীক্ষার্থীর পরীক্ষার্থ প্রস্তুত হইবার সুবর্ণ সুযোগ।

—:০:—

রঘুনাথগঞ্জের খ্যাতনামা উকীল স্বর্গীয় কাঙ্গালচন্দ্র গুপ্ত মহাশয়ের পুত্র শ্রীমান্ রাধাপ্রসাদ গুপ্ত বি, এ, নিজ বাটীতে একটী "কোচিং ক্লাশ" খুলিবার জন্য মনস্থ করিয়াছেন। শ্রীমান্ ইংরাজী সাহিত্য, গণিত, সংস্কৃত, বাঙ্গালা প্রভৃতি ম্যাট্রিকুলেশনের পাঠ্য সমস্ত বিষয়েই বেশ পারদর্শী। তাঁহার নিকটে পড়িলে পরীক্ষার্থী এই সময়ের মধ্যে পাশ করিবার হাদিশ পাইবে এ বিশ্বাস আমাদের আছে।

---

## পুলিশ কন্‌ফারেন্স ও আই, জি সাহেব।

—:০:—

সে দিন কলিকাতায় যে পুলিশ কন্‌ফারেন্স বসিয়াছিল, তাহার সভাপতি হইয়াছিলেন ডেপুটী পুলিশ সুপারিণ্টেন্ডেণ্ট রায় সাহেব শ্রীযুক্ত পূর্ণচন্দ্র বিশ্বাস। তিনি তাঁহার অভিভাষণে নির্ভীকভাবে স্পষ্ট করিয়া প্রাণের কথা খুলিয়া বলিয়াছেন। এদেশীয় ও বিদেশী পুলিশের তারতম্য সমালোচনা করিয়া বুঝাইয়া দিয়াছেন। তিনি পুলিশের মামুল পোষাক না পরিয়া নিছক স্বদেশী সাজে খদ্দরের জামা পরিয়া আসনে উপবেশন করিয়াছিলেন। বাঙ্গালার পুলিশের জাঁদরেল সাহেব মিঃ হাইড তাঁহাকে এই সভাপতির কাজ ফেলিয়া কলিকাতা হইতে এখনই কর্ম্মস্থলে চলিয়া যাইবার অনুমতি করেন। পুলিশের চাকরী 'যো হুকুম' ভিন্ন দ্বিরুক্তি করিবার ক্ষমতা নাই। কাজেই বিশ্বাস মহাশয়কে তখন 'য়্যাবাউট টার্ণ' ও 'কুইক মার্চ্চ' ভিন্ন উপায়ন্তর ছিলনা। যাহা হউক পুলিশের কর্ত্তা স্যার হেনরী হুইলারকে কয়েকজন পুলিশ প্রতিনিধি অনুরোধ করায় তিনি মিঃ হাইড্‌কে এই হুকুম প্রত্যাহার করিতে বলিবেন এই আশ্বাস পাইয়া রায় সাহেব পূর্ণচন্দ্র বিশ্বাসকে শিয়ালদহ ষ্টেষন হইতে ফিরাইয়া আনাইয়া সভা সম্পন্ন করা হয়।

---

## কলিকাতায় উকীল সভা।

—:০:—

হুচু মুচুভ্যাং নমঃ।

উকীল সভা, না উকীল সব হা?

কলিকাতা ও মফঃস্বলের অনেক উকীল একত্র সমবেত হইয়াছিলেন। সভায় দুইটী প্রস্তাব পরিগ্রহের পর যখন ওকালতী সাস্পেণ্ডের কথা উত্থাপিত হইল অর্থাৎ রুজির প্রশ্ন উঠিল তখনই বাগ্বাদিনীর কৃপায় সকলেরই এক সঙ্গে বাক্ খুলিল। সভাস্থলে গোলমাল আরম্ভ হইল। সভাপতি বহু চেষ্টা করিয়া সভাকে প্রকৃতস্থ করিতে পারিলেন না। শেষে কিছুই হইল না। সভা করিবেন কি সব হা করিয়া ফেলিলেন। উকীল সভার নিকটে পুলিশ সভা হার মানিয়াছে।

---

## সাহেবের ষষ্ঠীপূজা।

—(০)—

কয়েকদিন হইল বারন কোম্পানীর এক বড় সাহেবের একটী পুত্র ভূমিষ্ঠ হয়। সুত-জন্ম-হর্ষিত সাহেব তাঁহার অফিসের বাঙ্গালী বাবুদের জিজ্ঞাসা করেন "তোমাদের হিন্দুমতে কি করলে পুত্র দীর্ঘজীবী হয়?" বাবুরা বলেন "ষষ্ঠীপূজা করলে সন্তান দীর্ঘজীবী হয়।" তাঁহাদের কথায় সাহেব বাহাদুর বাড়ীতে ষষ্ঠী পূজা ও হোমের আয়োজন করেন। একজন পরিব্রাজক পূজা ও যজ্ঞ করিয়াছেন। যজ্ঞান্তে অনেক সাহেব ও মেম কপালে যজ্ঞের ফোঁটা ও শান্তি লইয়াছিলেন। হিন্দু ও সাহেবগণ সকলে প্রসাদ খাইয়াছিলেন। মা ষষ্ঠীর কৃপায় সাহেবের মনোবাঞ্ছা পূর্ণ হউক।

---

## জেলে আমদানী রপ্তানি।

—(০)—

অসহযোগী ভলাণ্টিয়ারগণ প্রচারকার্য্যে বহির্গত হইয়া দলে দলে গ্রেপ্তার হইয়া জেল পরিপূর্ণ করিয়াছে। জেলে স্থান না হওয়ায় আজকাল গুদোম সমেত জেলে পরিণত হইয়াছে। যখন গুদোমেও স্থানাভাব হইতে লাগিল তখন গুদোমে ও জেলে বাছিয়া বাছিয়া কমদামী হাজতী ও জেহালী আসামীগুলিকে বিনা সর্ত্তে বহির করিয়া স্থান খালি করিতে হইতেছে। আবার নূতন আমদানী হইয়া সে সব স্থান পূরণ হইতেছে। মাল আমদানী রপ্তানিতে লাভ লোকসান দুই হয় কিন্তু ইহাতে সরকারের লোকসান বই লাভ নাই। এ জ্যান্ত মাল ত বস্তাবন্দী হইয়া থাকিবেনা খাইবে, নাইবে, শুইবে, আরও কত কি করিবে। আবার এই সকল অপরাধীর উপর দুর্ব্ব্যবহার করিয়াছেন বলিয়া সাধারণের নিকট কৈফিয়ৎ দিতে হইতেছে। জানিনা কত দিনে এই আমদানী রপ্তানি বন্ধ হইবে।

---

কেবল দেড় টাকায়
প্রত্যেকেরই নিত্য প্রয়োজনীয়
নিম্নলিখিত ৬ দফার যে কোন জিনিষ পাইবেন।
এক সঙ্গে ৬ দফা জিনিষ ৮৲ টাকায় পাইবেন।

PAID.
URGENT.
DUPLICATE.
CANCELLED.
BOOK-POST.
REPLIED.
COPIED.
REGISTERED.
REFUSED.
Original.
Reference No.
STAMPED.

১। ওয়ার্ড ষ্ট্যাম্প—উপরের নমুনা অনুযায়ী ১২ টি রবার ষ্টাম্প।
২। রবার ষ্ট্যাম্প—বাদামী, গোল, স্কোয়ার ইত্যাদি নানা রকমের fancy ডিজাইনে নাম ও ঠিকানা যুক্ত।
৩। নম্বারিং রবার ষ্ট্যাম্প—ইহাতে ৯৯৯৯ পর্য্যন্ত নম্বর করা যাইবে।
৪। ডেটিং ষ্ট্যাম্প—তারিখ, মাস ও সন বদলান যাইবে।
৫। পকেট প্রেস-A হইতে Z সমস্ত অক্ষর আছে।
৬। পিতলের শিলমোহর-পিতলের হাণ্ডেল যুক্ত রেজেষ্টারী চিঠিপত্রে গালায় ছাপিবার জন্য, কালিতেও ছাপা চলে। নাম বা মনোগ্রাম পাঠাইলে প্রস্তুত হয়।

আর, এন, দত্ত এণ্ড কোং এনগ্রেভার্স
৩৩।১ নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিনা মূল্যে ও বিনা ডাকমাশুলে

## কামশাস্ত্র।

দীর্ঘজীবন লাভেচ্ছু ব্যক্তিগণের আমাদের "কামশাস্ত্র" একবার পাঠ করা অবশ্য কর্ত্তব্য। ইহাতে দীর্ঘায়ু লাভ করিবার ও শরীর সুস্থ রাখিবার স্বাভাবিক নিয়মগুলি বিশদরূপে বর্ণিত আছে, ইহাতে গার্হস্থ্য চিকিৎসাপ্রণালীও সম্বলিত আছে। ইহা ঘরে থাকিলেও চিকিৎসকের কার্য্য করিবে। নিম্ন ঠিকানায় পত্র লিখিলে প্রেরিত হয়।

# চিরজীবী হইবার উপায় কি ?

| | |
|---|---|
| ১—দীর্ঘায়ু<br>২—স্বাস্থ্য<br>৩—শক্তি | এই তিনটী জীবনোপাদান<br>লাভ করিবার প্রকৃত উপায়— |

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দুর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে;

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কন্যের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৵৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷৵৹ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥৹ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶৹ এক টাকা তিন আনা

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥৹ আট আনা, মাশুলাদি ।৵৹ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

# ইলেক্ট্রিক সলিউসন্



মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥৹ দেড় টাকা।

সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভুষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৶৹ দশ আনা

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ